



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসকের কার্যালয়  
স্থানীয় সরকার শাখা  
কুমিল্লা  
www.comilla.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর-০৫.৪২.১৯০০.০০৯.১১.০০২.২১-

তারিখ : আশ্বিন ১৪২৮  
সেপ্টেম্বর ২০২১

## ইউনিয়ন পরিষদ সচিব-২০২১' নিয়োগ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে এ কার্যালয়ের ১৮.০৭.২০২১ তারিখের ০৫.৪২.১৯০০.০০৯.১১.০০২.২১-৭৪৩ নম্বর স্মারকে স্থগিতকৃত জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা এর আওতাধীন ইউনিয়ন পরিষদ সচিব এর শূন্য পদে লোক নিয়োগ সংক্রান্ত লিখিত পরীক্ষা আগামী ৩০.১০.২০২১ খ্রিস্টাব্দ তারিখ শনিবার সকাল ১০.০০ টায় কুমিল্লা জিলা স্কুল, কুমিল্লা কালেক্টরেট স্কুল ও কলেজ এবং নবাব ফয়জুলেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

০২. বাছাই কার্যক্রমে উত্তীর্ণ প্রার্থীদের বরাবরে ইতোপূর্বে ডাকযোগে প্রবেশপত্র প্রেরণ করা হয়েছে। লিখিত পরীক্ষার তারিখ পুনঃনির্ধারণের প্রেক্ষিতে প্রবেশপত্র পুনরায় প্রেরণ করা হবে না। প্রবেশপত্রে প্রদত্ত শর্তাবলী অনুসরণক্রমে এবং আবশ্যিকভাবে মুখে মাস্ক পরিহিত অবস্থায় ও স্বাস্থ্যবিধি প্রতিপালনপূর্বক প্রবেশপত্রের মূল কপি সহ স্ব-স্ব কেন্দ্রে যথাসময়ে উপস্থিত থাকার জন্য প্রার্থীগণকে অনুরোধ করা হলো। উল্লেখ্য পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

স্বাক্ষর

মোহাম্মদ কামরুল হাসান  
জেলাপ্রশাসক  
কুমিল্লা

ফোন : ০৮১-৬০৩০১

dccomilla@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪২.১৯০০.০০৯.১১.০০২.২১- ২০৪৭

তারিখ : ২৪ আশ্বিন ১৪২৮  
২৯ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

০১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ : উপসচিব, ইউপি-২ শাখা)
০২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৩. পুলিশ সুপার, কুমিল্লা
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা
০৫. উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), কুমিল্লা। বিজ্ঞপ্তিটি বহল প্রচারের লক্ষ্যে তাঁর কার্যালয়ের ওয়েবসাইটে এবং নোটিশ বোর্ডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৭. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, কুমিল্লা জিলা স্কুল/কুমিল্লা কালেক্টরেট স্কুল ও কলেজ/নবাব ফয়জুলেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা। অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮. চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ (সকল), .....উপজেলা, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি বহল প্রচারের লক্ষ্যে আপনার কার্যালয়ের ওয়েবসাইটে এবং নোটিশ বোর্ডে আবশ্যিকভাবে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মোহাম্মদ কামরুল হাসান  
জেলাপ্রশাসক  
কুমিল্লা

ফোন : ০৮১-৬০৩০১

dccomilla@mopa.gov.bd

